

আপনার কাজের ক্ষেত্রে যদি কোন সমস্যা হয়ে থাকে



- 1 প্রথমে আপনার নিয়োগকর্তার সাথে এ ব্যাপারে আলোচনা করুন।

তাতে যদি সমস্যার সমাধান না হয়ঃ



- 2 আপনার ডর্মেটরিতে কর্মরত এসিই(ACE) কর্মকর্তার সাথে যোগাযোগ করুন, অথবা



- 3 MOM কর্মকর্তার সাথে জুম ভিডিও (ZOOM video) কলের মাধ্যমে কথা বলার জন্য অ্যাপয়েন্টমেন্ট নিন। অ্যাপয়েন্টমেন্ট নেওয়ার জন্য নিচের ধাপগুলো পড়ে দেখুন।

আমি কিভাবে অ্যাপয়েন্টমেন্ট নিব ?

- #01 উপরের কিউ আর(QR code)কোডটি স্ক্যান করুন এবং নির্বাচন করুন "Make an appointment"
- #02 "Advisory Services" ক্লিক করুন এবং "Through Zoom Video (30 mins)" নির্বাচন করুন।
- #03 আপনার FIN নম্বর, নাম এবং যাচাইকরণ কোড (Verification code) লিখুন এবং "Continue" ক্লিক করুন।
- #04 MOM এর শর্তাবলী (MOM terms and conditions) অনুসারে 'হ্যাঁ' অথবা 'না' বেছে নিন।
- #05 অ্যাপয়েন্টমেন্টের জন্য আপনার পছন্দসই তারিখ ও সময় নির্বাচন করুন এবং "Continue" ক্লিক করুন।
- #06 অ্যাপয়েন্টমেন্টের জন্য যে তথ্যগুলি আপনি দিয়েছেন সেগুলি যাচাই করুন এবং আপনি নিশ্চিত করুন যে, আপনার সাথে যোগাযোগের জন্য সঠিক ফোন নম্বর এবং/অথবা ই-মেইল ঠিকানা(email address) লিখেছেন।অতপর "Confirm Appointment" ক্লিক করুন। আপনার অ্যাপয়েন্টমেন্ট এখন নিশ্চিত।



www.mom.gov.sg/appointment

আমি অ্যাপয়েন্টমেন্ট নিয়েছি। এরপর আমার কি করা উচিত?



- 1** আপনার কেস সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র আপনি জমা দিতে পারেন(ঐচ্ছিক)
আপনার অ্যাপয়েন্টমেন্টের পূর্বে MOM অফিসার কর্তৃক আপনার কেসটি পর্যালোচনা করার জন্য কেস সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র [এখানে জমা দিন](#)।
- 2** জুম (Zoom Apps) ডাউনলোড করুন
আপনি যদি ফোন অথবা ট্যাবলেট ব্যবহার করেন তবে আপনাকে অবশ্যই 'ZOOM Cloud Meetings' ডাউনলোড করতে হবে([এখানে ক্লিক করুন](#))
- 3** আপনার জুম ভিডিও কলের বিস্তারিত তথ্য সংগ্রহ করুন
অ্যাপয়েন্টমেন্টের দিন, জুম ভিডিও কলের ৩০ মিনিট পূর্বে মিটিং এর জন্য প্রয়োজনীয় তথ্য(মিটিং আই ডি ও পাসওয়ার্ড) MOM অফিসার আপনার মোবাইল ফোনে অথবা আপনার ই-মেইলে পাঠিয়ে দিবেন।
- 4** জুম ভিডিও কলে যোগ দিন
অ্যাপয়েন্টমেন্টের জন্য নির্ধারিত সময়ের ৫ মিনিট পূর্বে প্রদত্ত জুম ভিডিও কলের লিঙ্কে অনুগ্রহ করে ক্লিক করুন এবং অফিসার আপনাকে মিটিং-এ প্রবেশের অনুমতি দেয়া পর্যন্ত অপেক্ষা করুন।

✓ অ্যাপয়েন্টমেন্টের দিন কিছু গুরুত্বপূর্ণ বিষয় খেয়াল রাখতে হবে যেমনঃ



জুম ভিডিও কলের জন্য একটি শান্ত, নিরিবিলি এবং আলোকিত স্থান বেছে নিন।



জুম ভিডিও কলের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম পরীক্ষা করুন

জুম ভিডিও কলের পূর্বে আপনার মোবাইল ফোন(যে মোবাইল ফোনটি আপনি জুম ভিডিও কলের জন্য ব্যবহার করবেন), আপনার ইন্টারনেট সংযোগ, হেডফোন, মাইক্রোফোন এবং ক্যামেরা সঠিকভাবে কাজ করছে কিনা তা নিশ্চিত করুন।



জুম ভিডিও কলের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম পরীক্ষা করুন

জুম ভিডিও কলের পূর্বে আপনার মোবাইল ফোন(যে মোবাইল ফোনটি আপনি জুম ভিডিও কলের জন্য ব্যবহার করবেন), আপনার ইন্টারনেট সংযোগ, হেডফোন, মাইক্রোফোন এবং ক্যামেরা সঠিকভাবে কাজ করছে কিনা তা নিশ্চিত করুন।



কোনও রেকর্ডিং নয়

জুম ভিডিও কলের কোনও কিছুই আপনি অডিও বা ভিডিও রেকর্ডিং করতে পারবেন না।



প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত রাখুন

MOM অফিসার কর্তৃক আপনার আইডি কার্ড, ওয়ার্ক পাস কার্ড যাচাই করার জন্য আপনার সাথে রাখুন।

জুম ভিডিও(ZOOM video) কলের মাধ্যমে উপদেষ্টামূলক সেশন এর ক্ষেত্রে সাধারণ প্রশ্নাবলী

জুম ভিডিও (ZOOM video) কলের মাধ্যমে সেবা গ্রহণ করে কারা উপকৃত হতে পারেন?

সেইসব গ্রাহক উপকৃত হবেন যারা বাড়ির অথবা কর্মক্ষেত্রের সুবিধাজনক পরিবেশে বসে তাদের সমস্যা নিয়ে অফিসারের সাথে আলোচনা করতে চান ও তাদের পরামর্শ নিতে চান।

জুম ভিডিও (ZOOM video) কলের মাধ্যমে MOM অফিসারের সাথে কথা বলা অথবা MOM সার্ভিসেস সেন্টারে এসে সামনা সামনি অফিসারের সাথে কথা বলা- এই দুইক্ষেত্রেই সেবার মান কি একই হয়?

✓হ্যাঁ।উভয় ক্ষেত্রেই সেবার মান একই হয়।

জুম ভিডিও কলের জন্য কখন আপনি অ্যাপয়েন্টমেন্ট করতে পারবেন?

গ্রাহকরা সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত সোম থেকে শুক্রবার পর্যন্ত, সকাল ৯টা থেকে বিকেল ৫টার মধ্যে জুম ভিডিও কলের মাধ্যমে MOM অফিসারের সাথে কথা বলে তাদের পরামর্শ নেওয়ার জন্য ৩০ মিনিটের সময়সীমার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট করতে পারেন।

কিভাবে আমি আমার অ্যাপয়েন্টমেন্টের তারিখ এবং সময় পরিবর্তন করতে পারি অথবা বাতিল করতে পারি?

অ্যাপয়েন্টমেন্টের তারিখ এবং সময় পরিবর্তন করতে চাইলে নিম্নের ওয়েবসাইটে "Change my appointment" নির্বাচন করুন।

অ্যাপয়েন্টমেন্টের তারিখ বাতিল করতে চাইলে নিম্নের ওয়েবসাইটে "Cancel my appointment" নির্বাচন করুন।
www.mom.gov.sg/appointment

অফিসারের দেওয়া লিঙ্ক ব্যবহার করে জুম ভিডিও কলে অংশগ্রহণ করতে গিয়ে আমার কিছু সমস্যা হচ্ছে। এক্ষেত্রে আমি কি করবো?

আপনার নির্ধারিত অ্যাপয়েন্টমেন্টের সময় আপনাকে জুমে না পেলে MOM অফিসার আপনার সাথে যোগাযোগ করবেন।